# আজকের গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স - ০১ নভেম্বর ২০২৫ | Bengali Current Affairs Today - 01 November 2025

নমস্কার, প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য আজকের গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স আপনাদের জন্য প্রস্তুত করা হয়েছে। এখানে জাতীয়, আন্তর্জাতিক, খেলাধুলা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং বিভিন্ন সরকারি যোজনার গুরুত্বপূর্ণ ঘটনাবলী বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে, যা আপনার পরীক্ষার প্রস্তুতিতে সহায়ক হবে।

## আজকের বাংলা কারেন্ট অ্যাফেয়ার্স

### মহিলাদের ODI ক্রিকেটে ভারতের ঐতিহাসিক রান-চেজ

ভারতীয় মহিলা ক্রিকেট দল মহিলাদের একদিনের আন্তর্জাতিক **(ODI)** ক্রিকেটের ইতিহাসে সর্বোচ্চ রান তাড়া করে জেতার রেকর্ড তৈরি করেছে। ৩০শে অক্টোবর, ২০২৫-এ অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ২০২৫ মহিলা **ODI** বিশ্বকাপের সেমিফাইনালে এই ঐতিহাসিক জয় আসে।

অস্ট্রেলিয়ার দেওয়া ৩৩৮ রানের লক্ষ্যমাত্রা ভারত পাঁচ উইকেট হারিয়ে ৩৪১ রান করে অর্জন করে। জেমিমাহ রডরিগেজ তার ১২৭ রানের অনবদ্য ইনিংসের জন্য ‘প্লেয়ার অফ দ্য ম্যাচ’ নির্বাচিত হন।

এই জয়ের ফলে ভারত বিশ্বকাপের ফাইনালে পৌঁছেছে, যেখানে ২রা নভেম্বর নভি মুম্বাইয়ের ড. ডি. ওয়াই. পাতিল স্পোর্টস স্টেডিয়ামে দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে। উল্লেখ্য, ভারত ও শ্রীলঙ্কায় যৌথভাবে আয়োজিত এটি বিশ্বকাপের ১৩তম সংস্করণ। ভারত এর আগে ২০০৫ এবং ২০১৭ সালে ফাইনালে পৌঁছালেও এখনো পর্যন্ত শিরোপা জিততে পারেনি।

### তাজিকিস্তানের আয়নি বিমান ঘাঁটি খালি করল ভারত

তাজিকিস্তানে অবস্থিত আয়নি বিমান ঘাঁটি **(Ayni Airbase)** ভারত সম্পূর্ণভাবে খালি করে দিয়েছে। গিসার এয়ারবেস **(Gissar Airbase)** নামেও পরিচিত এই ঘাঁটিটি ২০০২ সালে স্বাক্ষরিত ২০ বছরের চুক্তির অধীনে ভারতের নিয়ন্ত্রণে ছিল। চীন ও রাশিয়ার চাপের কারণে ২০২২ সালে এই চুক্তিটি আর নবীকরণ করা হয়নি।

এই বিমান ঘাঁটিটি আফগানিস্তানের ওয়াখান করিডোরের কাছে অবস্থিত, যা চীনের জন্য একটি কৌশলগত উদ্বেগের কারণ ছিল। তবে, তাজিকিস্তানে অবস্থিত আরেকটি বিমান ঘাঁটি, ফারখোর এয়ারবেস **(Farkhor Airbase)**, এখনও ভারতের নিয়ন্ত্রণে রয়েছে।

### মধ্যপ্রদেশে চিতা পুনর্বাসনের তৃতীয় কেন্দ্র হলো নোরাদেহী অভয়ারণ্য

মধ্যপ্রদেশের নোরাদেহী বন্যপ্রাণী অভয়ারণ্য **(Noradehi Wildlife Sanctuary)**-কে চিতা পুনর্বাসন প্রকল্পের তৃতীয় স্থান হিসেবে বেছে নেওয়া হয়েছে। এর আগে কুনো জাতীয় উদ্যান (২০২২ সালে প্রথম চিতা আনা হয়) এবং গান্ধী সাগর অভয়ারণ্য-কে এই প্রকল্পের জন্য নির্বাচন করা হয়েছিল।

মধ্যপ্রদেশের মালওয়া অঞ্চলে অবস্থিত এই স্থানগুলি চিতার বেঁচে থাকার জন্য আদর্শ জলবায়ু সম্পন্ন বলে মনে করা হয়। ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত নোরাদেহী মধ্যপ্রদেশের বৃহত্তম বন্যপ্রাণী অভয়ারণ্য, যা সাগর, দামো এবং নরসিংহপুর জেলা জুড়ে প্রায় ১১৯৭ বর্গ কিলোমিটার এলাকা নিয়ে বিস্তৃত।

## ভারতের ৯০তম দাবা গ্র্যান্ডমাস্টার হলেন ইলামপাথি এআর

তামিলনাড়ুর চেন্নাইয়ের ইলামপাথি এআর (Ilampathi AR) ভারতের ৯০তম দাবা গ্র্যান্ডমাস্টার হয়েছেন। ১৬ বছর বয়সী এই দাবাড়ু ২৫১৮ FIDE রেটিং অর্জন করেছেন। তার আগে ৮৯তম গ্র্যান্ডমাস্টার ছিলেন তামিলনাড়ুরই রোহিত কৃষ্ণ এস। গ্র্যান্ডমাস্টার খেতাবটি আন্তর্জাতিক দাবা ফেডারেশন (FIDE) দ্বারা প্রদান করা হয়।

## প্রয়াত প্রাক্তন হকি খেলোয়াড় ম্যানুয়েল ফ্রেডরিক

কেরালার কন্নুর নিবাসী প্রাক্তন হকি খেলোয়াড় ম্যানুয়েল ফ্রেডরিক ৮০ বছর বয়সে প্রয়াত হয়েছেন। তিনি ১৯৭২ সালের মিউনিখ গ্রীষ্মকালীন অলিম্পিকে ব্রোঞ্জ পদক জয়ী ভারতীয় হকি দলের গোলরক্ষক ছিলেন। ফ্রেডরিক ছিলেন কেরালা থেকে অলিম্পিক পদক জয়ী প্রথম ব্যক্তি। ২০১৯ সালে তিনি মেজর ধ্যানচাঁদ খেলরত্ন পুরস্কারে ভূষিত হন।

## বিশ্ব শহর দিবস (World Cities Day)

প্রতি বছর ৩১শে অক্টোবর বিশ্ব শহর দিবস পালিত হয়। স্থিতিশীল নগর উন্নয়ন এবং বিশ্বব্যাপী নগরায়নের চ্যালেঞ্জ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করাই এই দিবসের মূল উদ্দেশ্য। ২০১৩ সালে জাতিসংঘের সাধারণ পরিষদ এই দিবসটিকে স্বীকৃতি এবং এটি প্রথম ইউএন-হ্যাবিট্যাট (UN-Habitat) দ্বারা শুরু হয়েছিল। ২০২৫ সালের থিম হলো **"People-Centered Smart Cities"**

## DRDO দ্বারা দেশীয় সফটওয়্যার ডিফাইন্ড রেডিও (SDR) তৈরি

প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা (DRDO) ভারতীয় সেনাবাহিনীর জন্য দেশের প্রথম দেশীয় সফটওয়্যার ডিফাইন্ড রেডিও (SDR) ডিজাইন ও তৈরি করেছে। যদিও প্রযুক্তিটি DRDO তৈরি করেছে, তবে রেডিওগুলি ভারত ইলেকট্রনিক্স লিমিটেড (BEL) দ্বারা নির্মিত হবে।

SDR প্রযুক্তি একটি একক রেডিও ডিভাইসকে সফটওয়্যারের মাধ্যমে একাধিক কাজ (যেমন এফএম রেডিও এবং মিলিটারি কমিউনিকেশন) করতে সক্ষম করে, যার ফলে বিভিন্ন ফ্রিকোয়েন্সির জন্য আলাদা হার্ডওয়্যারের প্রয়োজন হয় না। এটি যোগাযোগের নিরাপত্তা বাড়ায়, খরচ কমায় এবং অনেক বেশি নমনীয়তা প্রদান করে।

## কেরালায় 'মহিলা সুরক্ষা যোজনা' চালু

কেরালা সরকার রাজ্যের মহিলাদের আর্থিক সহায়তা প্রদানের জন্য 'মহিলা সুরক্ষা যোজনা' (Mahila Suraksha Yojana) চালু করেছে। এই প্রকল্পের জন্য সরকার বার্ষিক ৩৮০০ কোটি টাকা বাজেট বরাদ্দ করেছে।

এই যোজনাটি মূলত দরিদ্র পরিবার এবং রূপান্তরকামী সম্প্রদায়কে লক্ষ্য করে তৈরি। অন্ত্যোদয় অন্ন যোজনা (হলুদ বা গোলাপী) কার্ডধারী ৩৫ থেকে ৬০ বছর বয়সী মহিলারা মাসিক ১০০০ টাকা আর্থিক সহায়তা পাবেন। এই প্রকল্পের মাধ্যমে কেরালার প্রায় ৩১ লক্ষ মহিলা উপকৃত হবেন বলে আশা করা হয়।

## কয়লা মন্ত্রকের CLAMP পোর্টাল এবং কয়লা শক্তি ড্যাশবোর্ড চালু

কয়লা ও খনি মন্ত্রক দুটি নতুন ডিজিটাল প্ল্যাটফর্ম চালু করেছে: কয়লা শক্তি ড্যাশবোর্ড (Koyla Shakti Dashboard) এবং CLAMP পোর্টাল। কয়লা খাতে স্বচ্ছতা ও দক্ষতা বাড়ানোর জন্য এই উদ্যোগগুলি গ্রহণ করা হয়েছে।

- কয়লা শক্তি ড্যাশবোর্ড: এই প্ল্যাটফর্মটি খনি থেকে বাজার পর্যন্ত সমগ্র কয়লা সরবরাহ শৃঙ্খলকে ট্র্যাক করবে। এটি সরবরাহ প্রক্রিয়ার সমস্যা শনাক্ত করে সতর্কবার্তা পাঠাবে এবং দ্রুত সমাধানে সাহায্য করবে।
- CLAMP পোর্টাল: এই পোর্টালটি কয়লা খনির জন্য জমি অধিগ্রহণ প্রক্রিয়াকে ডিজিটাল করবে। এটি ক্ষতিপূরণ পরিচালনা করবে এবং সমস্ত রেকর্ড ও পেমেন্ট ডিজিটালভাবে ট্র্যাক করবে, যা সরকার এবং জমির মালিক উভয়ের জন্য স্বচ্ছতা নিশ্চিত করবে।

## মহারাষ্ট্রে কৃষি সৌরবিদ্যুৎ প্রকল্পের জন্য ADB-এর ৪৬০ মিলিয়ন ডলার ঋণ অনুমোদন

এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) মহারাষ্ট্রের কৃষি সৌরবিদ্যুৎ প্রকল্পের জন্য ৪৬০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ অনুমোদন করেছে। এই তহবিল কৃষকদের সৌরশক্তি গ্রহণে সহায়তা করার জন্য ব্যবহার করা হবে।

এই প্রকল্পের অধীনে:

- ১৮০টি সৌর সাবস্টেশন আপগ্রেড করা হবে।
- ৪৫০০টি ট্রান্সফরমার স্থাপন করা হবে।
- ৪২০০ কিলোমিটার পাওয়ার লাইন বসানো হবে।
- ৫০০ মেগাওয়াট-ঘণ্টা ব্যাটারি স্টোরেজ ক্ষমতা তৈরি করা হবে।
- সবুজ শক্তি ক্ষেত্রে ৫০০০ জনকে প্রশিক্ষণ দেওয়া হবে।

এই উদ্যোগটি মহারাষ্ট্রের প্রায় ৯ লক্ষ কৃষককে উপকৃত করবে এবং গ্রিনহাউস গ্যাস নির্গমন ৩ মিলিয়ন টন হ্রাস করবে বলে আশা করা হয়।

pesha.in